

তারিখ: 03/03/2014

2005-এর আগে জারি করা সব পুরানো সিরিজের ব্যাঙ্কনোট প্রত্যাহার

আরবিআই/2013-14/509

ডিসিএম(পিএলজি)নং.জি-19/3880/10.27.00/2013-14

মার্চ 03, 2014

সভাপতি/পরিচালন অধিকর্তা/মুখ্য নির্বাহী আধিকারিক
সকল তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক
প্রাথমিক(শহরাস্থলিক) সমবায় ব্যাঙ্ক/ আরআরবিসমূহ

প্রিয় মহাশয়/মহাশয়া

2005-এর আগে জারি করা সব পুরানো সিরিজের ব্যাঙ্কনোট প্রত্যাহার

অনুগ্রহ করে শিরোনামে উল্লেখিত বিষয়ে আমাদের জানুয়ারি 23, 2014 তারিখের সার্কুলার ডিসিএম(পিএলজি)নং.জি-17/3231/10.27.00/2013-14 দেখুন যাকে অনুসরণ করে একটি প্রেস বিজ্ঞপ্তি ছিল জানুয়ারি 24, 2014 তারিখে (প্রতিলিপি সংযোজিত) ।

2. বিষয়টি পর্যালোচনা করে, 2005-পূর্ববর্তী ব্যাঙ্কনোট বদলে নেওয়ার জন্য শেষ তারিখ বাড়িয়ে জানুয়ারি 01, 2015 স্থির করা হয়েছে। এই নির্দেশগুলি মার্চ 03, 2014 তারিখের প্রেস বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত করা হয়েছে (প্রতিলিপি সংযোজিত) ।

3. আপনাদের বলা হচ্ছে কোনরকম অসুবিধা ছাড়াই জনসাধারণকে এইরকম নোট পুরো মূল্যে বদলানোর সুবিধা করে দিতে। এই নোটগুলি বৈধ টেন্ডার হিসেবেই গণ্য হবে এবং জনগণ এইগুলি যে কোন লেনদেন/অর্থপ্রদানের জন্য ব্যবহার করে যেতে পারবেন ।

4. নির্দেশ মতো, অনুগ্রহ করে আপনাদের সমস্ত শাখায় উপযুক্ত নির্দেশিকা জারি করুন - জনসাধারণকে নোট বিনিময় করার সুবিধা দেওয়ার জন্য এবং 2005-এর আগে জারি করা সব পুরানো সিরিজের ব্যাঙ্কনোট পুনর্প্রচলন বন্ধ করার জন্য । অনুগ্রহ করে আরও নিশ্চিত করুন যে এইরকম নোট এটিএম/আপনাদের কাউন্টারের মাধ্যমে বিতরণ করা হচ্ছে না। 2005-পূর্ববর্তী ব্যাঙ্কনোটগুলি নিয়ে কী ব্যবস্থা নেওয়া হবে, সেই সংক্রান্ত পদ্ধতি জানুয়ারি 23, 2014 তারিখাঙ্কিত সার্কুলারের অনুল্লেখ 3 অনুযায়ী অপরিবর্তিত থাকবে।

5. আপনার পথ-নির্দেশের জন্য কী করবেন এবং কী করবেন না- তার একটি তালিকা সংযোজিত হল।

6. অনুগ্রহ করে প্রাপ্তি স্বীকার করবেন।

আপনার বিশ্বস্ত

(বি.পি.বিজয়েন্দ্র)

প্রধান মুখ্য মহাপ্রবন্ধক

সংলগ্নী: 3

কী করবেন

1. ব্যাঙ্ক জনসাধারণকে জানাবে যে 2005-পূর্ব নোট বৈধ টেন্ডার হিসেবে চালু থাকবে। ব্যাঙ্ক চেষ্টা করবে আধা-শহর/গ্রামাঞ্চলে নোট বিনিময় মেলার আয়োজন করতে।
2. 2005-এর পূর্বে জারি করা সব মূল্যমানের ব্যাঙ্কনোট বদলাতে হবে।
3. জনসাধারণের কাছ থেকে, তিনি গ্রাহক হন বা না হন, এই নোটগুলি সব ব্যাঙ্কের শাখা কর্তৃক গ্রহণ করতে হবে এবং বদল করে দিতে হবে।
4. ব্যাঙ্কের শাখাগুলিতে বিনিময় পদ্ধতি অবিলম্বে শুরু করতে হবে এবং জনসাধারণের সুবিধামত কার্যটি সম্পন্ন করতে হবে।
5. নোট বিনিময়ের জন্য কোন মূল্য দিতে হবে না।
6. গ্রাহক চাইলে এইরকম নোটের মূল্য গ্রাহকের এ্যাকাউন্টে ক্রেডিট হতে পারে।
7. আরবিআই নোট রিফান্ড রুলস, 2009 অনুসারে এইরকম নোটের মূল্য ধার্ষ হবে।

কী করবেন না

1. ব্যাঙ্ক জনসাধারণ কর্তৃক বিনিময় করতে আসা নোটের সংখ্যার ওপর কোন নিয়ন্ত্রণ আরোপ করবে না।
2. ব্যাঙ্ক কাউন্টারের মাধ্যমে বা এটিএমের মাধ্যমে 2005-পূর্ব সিরিজ নোট জারি করবে না।
3. কারেন্সি চেষ্ট আছে যে ব্যাঙ্কের শাখায় তারা তাদের সংযোগী শাখা থেকে 2005-পূর্ব ব্যাঙ্কনোট নিতে অস্বীকার করবে না।